

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।


সংবাদ বিজ্ঞপ্তি

০৬ অক্টোবর, ২০২২

আগামী ১৭ অক্টোবর ২০২২ সারাদেশে জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন সুষ্ঠু অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ করছে। এ জন্য জেলা প্রশাসক ও পুলিশ সুপারসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে।

জেলা পরিষদ নির্বাচনে কোথাও কোথাও নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘন হচ্ছে এবং এ সংক্রান্ত খবর বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত হচ্ছে মর্মে নির্বাচন কমিশনের নজরে এসেছে। আচরণ বিধি লঙ্ঘন করে সরকারি সুবিধাভোগী অতিগুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ কোথাও কোথাও নির্বাচনী প্রচারণায় অংশ নিচ্ছেন, রঞ্জিন পোস্টার মুদ্রণ করে প্রচার করছে এবং পোস্টারে নেতা-নেত্রীর ছবিও ছাপানো হচ্ছে। এছাড়াও রাজনৈতিক কর্মসূচির নামে বিভিন্ন জনসভায় নির্বাচনী প্রচারণা চালানো হচ্ছে। নির্বাচন কমিশন এসব আচরণ বিধি লঙ্ঘনের বিষয়ে তদন্তপূর্বক কঠোর ব্যবস্থা গ্রহণ করছে। ইতোমধ্যে বিভিন্ন জেলা প্রশাসক ও পুলিশ সুপারদের আচরণ বিধি লঙ্ঘনের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

জেলা পরিষদ নির্বাচনে নির্বাচনী আচরণ বিধি কঠোরভাবে মেনে চলার জন্য নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছে। এরপরও কেউ যদি আচরণ বিধি লঙ্ঘন করেন বা সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের পরিপন্থী কোন কার্যক্রম গ্রহণ করেন, তাদের বিরুদ্ধে নির্বাচন কমিশন কঠোর আইননানুগ ব্যবস্থা গ্রহণ করবে।



এসএম আসাদুজ্জামান
পরিচালক (জনসংযোগ)

ও

যুগ্মসচিব (সিসি)
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা